মেহেরপুরে কেটে কেটে বিক্রি হচ্ছে ব্রয়লারের মাংস

নিম্ন আয়ের মানুষের পুষ্টির চাহিদা মিটত ব্রয়লার মুরগি দিয়ে। দাম বেশি হওয়ায় সেই ব্রয়লারও এখন কেটে কেটে বিক্রি হচ্ছে বাজারে। নিম্ন আয়ের মানুষগুলো ৫শ গ্রাম ৭শ গ্রাম বা যেটুকু প্রয়োজন সেটুকুই কিনছেন কাটা ব্রয়লারের মাংস।

রোজার মাসে গরু-ছাগলের মাংসের দাম বৃদ্ধি হওয়ায় মুরগির বাজারে ক্রেতা বেশি ২৩০ থেকে ২৫০ টাকা পর্যন্ত ব্রয়লার বিক্রি হচ্ছে বাজারে। সোনালীর দাম ৩৬০ টাকা লেয়ার ৩১০ টাকা এবং দেশি মুরগি প্রায় ৭শ টাকা।

মুরগি বিক্রেতা তাহের আলী বলেন, রোজার কারণে বাজারে মাংশের ক্রেতা অনেক বেশি। গরুর মাংস, ছাগলের মাংস এমনকি মাছের দাম বেশি হওয়ার কারণে মুরগির উপর চাপ পড়েছে। অনেকেই মুরগির কাটা মাংস কিনছেন প্রয়োজন অনুযায়ী।

শহরের নতুন পাড়ার সামাদ বলেন, রোজার মাসে তরকারি ভালো না হলে কেউ খেতে চায়না। তাই ৬০০ গ্রাম ব্রয়লারের মাংস কিনলাম। সেহরীর সময় এটা দিয়ে খাওয়া হবে। অন্য মাংসের অনেক দাম। রোজার মাসে অনেক খরচ একটু হিসাব করে এই মাস চালাতে হবে।

বাজারে প্রতি কেজি গরুর মাংস সাড়ে ৭০০ থেকে ৮০০ টাকা এবং খাসির মাংস ৯০০ থেকে ৯৫০ টাকায় বিক্রি হচ্ছে।

আমঝুপিতে মহান স্বাধীনতা দিবস পালিত

মেহেরপুর সদর উপজেলার আমঝুপিতে ইউনিয়ন আওয়ামী লীগসহ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান মহান স্বাধীনতা দিবস পালন করেছে।

আনিসুর রহমান, মোঃ সিরাজুল ইসলাম, মোঃ কাউছার আলী।

আমঝুপি গন্ধরাজপুরপাড়া সরকারী প্রাথমিক বিদ্যালেয় সকালে জাতীয় পতাকা উত্তোলন করেন প্রধান শিক্ষক মোঃ কিতাব আলী। উপস্থিত ছিলেন সভাপতি মুজিবনগর সরকারী কলেজের প্রফেসর মোঃ জাহির হোসেন চঞ্চল, ওমর ফারুক লিটন।

যথাযোগ্য মর্যাদায় মেহেরপুরে মহান স্বাধীনতা দিবস পালিত

একত্রিশবার তোপদ্ধনি, জাতীয় পতাকা উত্তোলন, শহিদ স্মৃতিসৌধে পুস্পস্তবক অর্পণ, কুচকাওয়াজ ও শরীরচর্চা প্রদর্শণসহ বিভিন্ন কর্মসূচীর মধ্যে দিয়ে জাকজমকপূর্ণভাবে পালন করা হয়েছে মহান স্বাধীনতা ও জাতীয় দিবস।

ভোরে মেহেরপুর সার্কিট হাউজ প্রাঙ্গনে ৩১ বার তপোধ্বনির মধ্যে দিয়ে দিবসের সূচনা হয়। পরে সূর্যদয়েরর সাথে সাথে মেহেরপুর সরকারি কলেজ মোড়ে অবস্থিত শহিদ স্মৃতিসৌধে পুস্পস্তবক অর্পণ করা হয়। জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খান রাষ্ট্রের পক্ষে পুস্পস্তবক অর্পণ করেন। পরে পুলিশ সুপার মো. রাফিউল আলম,পিপিএম সেবা, জেলা পরিষদের চেয়ারম্যান আব্দুস সালাম, পৌর মেয়র মাহফুজুর রহমান রিটন, মেহেরপুর সরকারি কলেজে অধ্যক্ষ প্রফেসর শফিউল ইসলাম সর্দার, মেহেরপুর সরকারি মহিলা কলেজের অধ্যক্ষ প্রফেসর রফিকুল ইসলামসহ বিভিন্ন রাজনৈতিক দলের নেতৃবৃন্দ, সরকারি-বেসরকারি দপ্তরের কর্মকর্তাবৃন্দ, বিভিন্ন সংগঠনের কর্মকর্তারা পুস্পস্তবক অর্পণ করেন।

পরে সকাল সোয়া ৮টার সময় মেহেরপুর ষ্টেডিয়াম মাঠে জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খান আনুষ্ঠানিকভাবে জাতীয় পতাকা উত্তোলন করেন। এসময় পুলিশ সুপার রাফিউল আলম উপস্থিত ছিলেন। পরে শান্তির প্রতীত কবুতর উড়ানো হয়।

এর পরপরই বীর মুক্তিযোদ্ধা, পুলিশ, আনসার ওভিডিপি, ফায়ার

সার্ভিস, বিএনসিসি, রোভার স্কাউট, বয় স্কাউট, গার্লসগাইড ও বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা কুচকাওয়াজ ও শরীর চর্চা প্রদর্শনী করেন। শেষে কুচকাওয়াজ ও শরীরচর্চা প্রদর্শনীর বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়।

মেহেরপুর শহরের ফুলবাগান পাড়ায় ড্রেন ও রাস্তার কাজের উদ্বোধন

মেহেরপুর পৌরসভার ৪ নম্বর ওয়ার্ড ফুলবাগান পাড়ায় ড্রেন ও রাস্তার কাজের উদ্বোধন করেন মেহেরপুর পৌর মেয়র মাহফুজুর রহমান রিটন।
আজ রবিবার দুপুর ১২ টার দিকে পৌর মেয়র এ কাজের উদ্বোধন করেন।

এ সময় পৌর মেয়র মাহফুজুর রহমান রিটন বলেন, পৌরসভার আনাচে-কানাচে অনেক রাস্তার কাজ অসমাপ্ত রয়েছে, আস্তে আস্তে সবগুলো কাজ করা হবে। তিনি বলেন, আপনারা যেভাবে নির্বাচনের সময় আমাকে ভালোবেসে আমার পাশে ছিলেন আমিও ঠিক তেমনি আমার সর্বত্র দিয়ে সব সময় আপনাদের পাশে থাকবো।

এ সময় ৪ নম্বর ওয়ার্ড কাউন্সিলর আব্দুর রহিম, সংরক্ষিত ওয়ার্ডের মহিলা কাউন্সিলর শারমিনা পারভীন শামীমা, ঠিকাদার আসলাম খান পিন্টুসহ এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

গাংনীর ওসির ওপর বেআইনি ক্ষোভ

[redacted]

[redacted]

[redacted]

[

পরামর্শে আমি গাংনী থানায় একটি লিখিত অভিযোগ দায়ের করি। অভিযোগ করা সত্বেও ট্রাকটি খূঁজে পেতে ব্যার্থ হয় গাংনী থানা পুলিশ। অন্যদিকে আমার লোকজনকে দিয়ে ট্রাকটি খোঁজ করার চেষ্টা করি। অবশেষে গতকাল শুক্রবার ভোর রাতে খোঁজ পাই ট্রাকটি শেরপুরের লালিতাবাড়িতে রয়েছে। আমার লোকজন সেখান থেকে ট্রাকটি উদ্ধার করে খুলিশাকুন্ডি বাজারে নিয়ে আসে। ট্রাকটি পুলিশি সহায়তায় উদ্ধারের দাবী জানালে শনিবার সকালে গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাক তার একজন এসআই আতিককে খলিশাকুন্ডিতে পাঠায়। সেখান থেকে ট্রাকটি উদ্ধার না করে আমার লোকজনকে বিভিন্ন ভাবে হুমকি দেয় এসআই আতিক। পরে আমি শনিবার ২৫ মার্চের আলোচনা শেষে ওসি আব্দুর রাজ্জাকের সাথে কথা বল্লে তিনিও বিষয়টি আমলে না নিয়ে টালবাহানা করেন। আমি এর আগে একটি উকিল নোটিশ করেছি। কিন্ত তাতেও কাজ হয়নি।

তিনি আরও জানান, একজন মানুষ যখন বিপদে পড়েন তখন পুলিশের কাছে সাহায্য চাই। পুলিশ সেই সাহায্যের পরিবর্তে যদি বিবাদির সাথে দহরমমহরম তৈরী করে তখনই আমরা হতাশ হয়ে পড়ি। আমার বেলাতে ঠিক এমনটাই ঘটেছে বলেও সাংবাদিকদের সামনে হতাশা ও ক্ষোভ প্রকাশ করেন তিনি। আমি একজন জনপ্রতনিধি হিসেবে পুলিশের কাছ থেকে যদি এই সহায়তা থেকে বঞ্চিত হই তাহলে সাধারণ মানুষ কত টুকু সেবা পাচ্ছে গাংনী থানায় এ নিয়েও সাংবাদিকদের সামনে প্রশ্ন তোলেন এমএ খালেক।

এদিকে গাংনী থানার অফিসার ইনচার্জ আব্দুর রাজ্জাক জানান, আদালতে মামলা রয়েছে। আদালতে মামলা থাকায় আদালতের নির্দেশনা না পেলে আমি ট্রাকটি উদ্বার করতে পারিনা। এখানে আইনি অনেক জটিলতা রয়েছে। তাছাড়া ট্রাকের সন্ধান পাওয়ার সাথে সাথে থানা থেকে একজন এসআইকে খলিশাকুন্ডিতে পাঠানো হয়। সেখানে গিয়ে ট্রাকের চালককে পাইনি। তিনি আরও জানান, খলিশাকুন্ডি আমার থানার বাইরে। এক থানার সমস্যা অন্য থানায় পড়লে আইনি সহায়তা ছাড়া একটি ট্রাক উদ্ধার করা সম্ভব না। উপজেলা চেয়ারম্যান সাহেব ভুল বুঝে আমার প্রতি ক্ষোভ প্রকাশ করেছেন। আমরা আইনের মানুষ সব সময় আইনের মধ্যে থেকেই আমাদের চলতে হয়।

[redacted]

[redacted]

জানান বীর মুক্তিযোদ্ধা আব্দুর রশিদ।

গাংনী উপজেলা নির্বাহী অফিসার উপজেলা মুক্তিযোদ্ধা কমান্ডার(দায়িত্বপ্রাপ্ত) সাজিদা সিদ্দিকা সেতু জানান, শহীদ মুক্তিযোদ্ধা হারেজ উদ্দীনের বড় ছেলে বুলূ মন্ডলের অনশন করার কথা জানতে পেরে সেখানে গিয়েছি। কাজ বাস্তবায়নের প্রতিশ্রুতি দিলে তিনি আপাতত অনশন ভঙ্গ করেছেন। গাংনীতে ইউএনও হিসেবে আমি নতুন যোগদান করেছি । বিষয়টি জানা ছিলনা। দ্রত সুরাহা হবে বলেও জানান তিনি।

গাংনীতে বাসের ধাক্কায় শিক্ষক নিহত

মেহেরপুরের গাংনীতে যাত্রীবাহী বাসের ধাক্কায় স্কুল শিক্ষক শরিফুল ইসলাম (৫০) নিহত হয়েছেন।
শনিবার (২৫মার্চ) দুপুরে গাংনী উপজেলা শহরের কাথুলী মোড়ে এ দুর্ঘটনা ঘটে। নিহত স্কুল শিক্ষক মেহেরপুর সদর উপজেলার কুতুবপুর গ্রামের রফাতুল্লার ছেলে। তিনি মেহেরপুর সদরের শোলমারী মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের ধর্মীয় শিক্ষক হিসেবে কর্মরত ছিলেন।
স্থানীয়রা জানান, গাংনী শহরের কাথুলী মোড় হয়ে কুতুবপুরে যাওয়ার সময় দ্রুতগামী পরিবহন হাজি রাবেয়া (যার নং মেহেরপুর-জ-১১০০৬) সামনে পড়লে তাকে জোরে ধাক্কা দেয়। এতে মারাত্মক আহত হয় শিক্ষক শরিফুল ইসলাম। গুরুতর অবস্থায় স্থানীয়রা উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে আসলে উন্নত চিকিৎসার জন্য কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফার করেন কর্তব্যরত চিকিৎসক। কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে যাওয়ার পথে বামন্দি নামক স্থানে পৌছালে তার মৃত্যু হয়।
গাংনী থানা ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক জানান, ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়েছে। বাসটি আটক করে থানা হেফাজতে নেওয়া হয়েছে। তবে চালক ও তার সহকারি পলাতক রয়েছে তাদের আটকের চেষ্টা চলছে বলেও জানায় ওসি।।

[redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted]

[redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] (2) [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted]

গার্লস ক্যাডেট দল, গার্লস স্কাউট দল ও মেহেরপুর দারুল উলুম আহমদীয়া মাদ্রাসার স্কাউট দল।

‘পোল্ট্রি খাতে ৫২ দিনে ৯৩৬ কোটি টাকা আত্মসাৎ’

পোল্ট্রির দাম বাড়িয়ে গত ৫২ দিনে করপোরেট প্রতিষ্ঠানগুলো ৯৩৬ কোটি টাকা আত্মসাৎ করেছে বলে অভিযোগ করেছে বাংলাদেশ পোল্ট্রি অ্যাসোসিয়েশন (বিপিএ)।

বিপিএর সভাপতি সুমন হাওলাদার স্বাক্ষরিত সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়, করপোরেট প্রতিষ্ঠানগুলো প্রতিদিন প্রায় ২ হাজার মেট্রিক টন ব্রয়লার মুরগি সরবরাহ করে ১২ কোটি টাকা অতিরিক্ত মুনাফা করেছে।

ট্রেডিং করপোরেশন অব বাংলাদেশের তথ্য অনুযায়ী, গত বৃহস্পতিবার ব্রয়লার মুরগির খুচরা দাম ছিল ২৭০ টাকা। গত ১ ফেব্রুয়ারি এই মূল্য ছিল ১৭০ টাকা।

এর আগে গত বৃহস্পতিবার বিপিএ এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানায়, বাংলাদেশে ব্রয়লার মুরগির মোট চাহিদা সাড়ে ৩ হাজার মেট্রিক টন। ব্রয়লার মুরগির পাইকারি দাম ছিল ২৩০ টাকা। করপোরেট প্রতিষ্ঠানগুলো প্রতি কেজিতে কমপক্ষে ৬০ টাকা মুনাফা করেছে।

সংগঠনটি দাবি করেছে, চলতি বছরের ৩১ জানুয়ারি থেকে ২৩ মার্চ পর্যন্ত করেপোরেট কোম্পানিগুলো ৬২৪ কোটি টাকা মুনাফা করেছে। এক দিন বয়সী বাচ্চা বিক্রি করে তারা ৩১২ কোটি টাকা মুনাফা করেছে।

সংগঠনটি সূত্রে জানা গেছে, কোম্পানিগুলো প্রতিদিন ২০ লাখ মুরগির বাচ্চা উৎপাদন করে এবং প্রতিটি বাচ্চার উৎপাদন খরচ ২৮ থেকে ৩০ টাকার মধ্যে।

এর কারণ হিসেবে সংগঠনটির দাবি- পোল্ট্রি খাতে সরকারি তদারকির অভাব ছিল।

□□□□□: □□□□□□□□□